

সাধনচন্দ্র মহাবিদ্যালয়

হরিণডাঙা, দক্ষিণ ২৪ পরগনা, ৭৪৩৫০৪

No. SCM/Admin/22-23/00018

অ্যাডমিশন নোটিস

বিএ অনার্স ও জেনারেল ২০২২-২৩

০২-০৯-২০২২

প্রথম অনলাইন আবেদন-পর্বের ষষ্ঠ শর্তাধীন মেধা তালিকা এবং দ্বিতীয় যৌথ (দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ) অনলাইন আবেদন-পর্বের শর্তাধীন মেধা তালিকা প্রকাশিত হল।

তালিকায় যে সমস্ত আবেদনকারীর নাম এসেছে, তাদের আগামী ০৫-০৯-২০২২ (সোমবার) তারিখে রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত সময়ের মধ্যে অনলাইনে টাকা দিয়ে ভর্তি হয়ে যেতে হবে।

একই আবেদনকারীর একই কোর্সে করা ডুপ্লিকেট আবেদনগুলিকে বাতিল করা হয়েছে। আসন ফাঁকা থাকলে পরবর্তী মেরিট লিস্ট আগামী ০৬-০৯-২০২২ (মঙ্গলবার) প্রকাশিত হবে।

জরুরি তথ্য

- ক্লাস শুরু না হওয়া পর্যন্ত আবেদনকারী বা ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের কাউন্সেলিং বা ভেরিফিকেশন সংক্রান্ত কাজের জন্য কলেজে আসার প্রয়োজন নেই।

- মেধা তালিকায় নাম এলে কলেজ কর্তৃপক্ষের তরফে আবেদনকারীদের এসএমএস পাঠিয়ে তা জানানো হবে।
- ভর্তির টাকা মহাবিদ্যালয়ের অনলাইন অ্যাডমিশন পোর্টালের মাধ্যমে অনলাইনে জমা করতে হবে।
- ক্লাস শুরু হলে ছাত্রছাত্রীদের সমস্ত নথি যাচাই করা হবে।

ভর্তি হওয়ার পরে যদি কোনও ছাত্র/ছাত্রীর অনলাইনে প্রদত্ত তথ্য/নথিতে গোলমাল ধরা পড়ে, সে ক্ষেত্রে তার ভর্তি বাতিল করা হবে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় নোটিসের জন্য আবেদনকারীদের গোটা ভর্তি প্রক্রিয়া পূর্বে কলেজের ওয়েবসাইটে নিয়মিত নজর রাখতে বলা হচ্ছে। এসএমএস বা ই-মেল না পাওয়াকে নির্দিষ্ট সময়ে ভর্তি না হতে পারার যুক্তি হিসেবে বিবেচনা করা হবে না।

আবেদনকারী হলেই তার ভর্তি হওয়ার দাবি জানানোর অধিকার থাকবে না।

ভর্তি হবে অনলাইনে, মেধার ভিত্তিতে, সংরক্ষণের শর্ত মেনে এবং আসন সংখ্যা অনুযায়ী।

আদেশানুসারে